

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৬৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

القصل الاول

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَتْبَعُ الْمَيِّتَ ثَلَاثَةُ: فَيَرْجِعُ اثْنَانِ وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمُ: يَتْبَعُهُ أَهْلُهُ وَمَالُهُ وَعَمَلُهُ فَيَرْجِعُ أَهْلُهُ وَمَالُهُ وَيَبْقَى عمله . مُتَّفق عَلَيْهِ وَيَبْقَى مَعَهُ وَاحِدٌ يَتْبَعُهُ أَهْلُهُ وَمَالُهُ وَعَمَلُهُ فَيَرْجِعُ أَهْلُهُ وَمَالُهُ وَعَمَلُه . مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (6514) و مسلم (5 / 2960)، (7424) ـ (مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫১৬৭-[১৩] আনাস (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ (সা.) বলেছেন: তিনটি জিনিস মৃত লাশের সাথে যায়। দুটি ফিরে আসে এবং একটি তার সাথে থেকে যায়। তার সাথে গমন করে আত্মীয়স্বজন, মাল-সম্পদ এবং তার 'আমল। পরে জাতি-গোষ্ঠী ও মাল-সম্পদ ফিরে আসে এবং থেকে যায় তার 'আমল। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৬৫১৪, মুসলিম ৫-(২৯৬০), নাসায়ী ১৯৩৭, সহীহুল জামি' ৮০১৭, তিরমিয়ী ২৩৭৯, সহীহ ইবনু হিব্বান ৩১০৭, আসু সুনানুল কুবরা লিন নাসায়ী ২০৬৪, সহীহ আতৃ তারগীব ওয়াত তারহীব ৩২৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (وَيَبْقَى عمله) এ প্রসঙ্গে হাফিয ইবনু হাজার আল আসকালানী (রহিমাহুল্লাহ) বলেন : 'আমল তার সাথে কবরে প্রবেশ করে। (তুহফাতুল আহওয়াযী ৬৯ খণ্ড, হা. ২৩৭৯)।

এ 'আমলের কারণেই সে সওয়াবের অধিকারী হবে অথবা শাস্তির উপযোগী হবে। হাদীসে রয়েছে, "কবর



জান্নাতের বাগানসমূহের মধ্য হতে একটি বাগান অথবা আগুনের গর্তগুলোর মধ্য হতে একটি গর্ত।"

(مَالُهُ) এখানে পরিবার বলতে সন্তান-সন্ততি, আত্মীয়-স্বজন ও পরিচিত অনেক বন্ধু-বান্ধব আর (مَالُهُ) দ্বারা দাস-দাসী, জন্তু জানোয়ার ও আসবাবপত্র বুঝানো হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন